

আর-রাদ | Ar-Ra'd | الرعد

আয়াতঃ ১৩ : ১২

আরবি মূল আয়াত:

هُوَ الَّذِي يُرِيكُمُ الْبَرْقَ خَوْفًا وَطَمَعًا وَيُنْشِئُ السَّحَابَ الثِّقَالَ ۝ ١٢

অনুবাদসমূহ:

তিনিই ভয় ও আশা সঞ্চার করার জন্য তোমাদেরকে বিজলী দেখান এবং তিনি ভারী মেঘমালা সৃষ্টি করেন। — আল-বায়ান

তিনিই তোমাদেরকে দেখান বিদ্যুৎ ভীতিকর ও আশা সঞ্চারক। তিনিই উত্তোলিত করেন মেঘ, (প্রবৃদ্ধির) বৃষ্টিতে ভারাক্রান্ত। — তাইসিরুল

তিনিই তোমাদেরকে দেখান বিজলী, যা ভয় ও ভরসা সঞ্চার করে এবং তিনিই সৃষ্টি করেন ঘন মেঘ। — মুজিবুর রহমান

It is He who shows you lightening, [causing] fear and aspiration, and generates the heavy clouds. — Sahih International

১২. তিনিই তোমাদেরকে দেখান বিজলী, ভয় ও আশা-আকাংখ্যরূপে এবং তিনিই সৃষ্টি করেন ভারী মেঘ;(১)

(১) অর্থাৎ আল্লাহ তা'আলাই তোমাদেরকে বিদ্যুৎ প্রদর্শন করান। এটা মানুষের জন্য ভয়েরও কারণ হতে পারে। কারণ, এটা যে জায়গায় পতিত হয় সবকিছু জ্বালিয়ে ছাইভস্ম করে দেয়। আবার এটা আশার সঞ্চার করে যে, বিদ্যুৎ চমকানোর পর বৃষ্টি হবে, যা মানুষ ও জীব-জন্তুর জীবনের অবলম্বন। [বাগভী] আল্লাহ তা'আলাই বড় বড় ভারী মেঘমালা উত্থিত করেন এরপর স্থায়ী ফয়সালা ও তকদীর অনুযায়ী যথা ইচ্ছা, তা বর্ষণ করেন। কাতাদা রাহেমাহুল্লাহ বলেন, এখানে মুসাফিরের জন্য কষ্টের ভয় এবং মুকীম বা স্থায়ীভাবে বসবাসকারীর জন্য আশার বৃষ্টি ও রহমতের কারণ বলা হয়েছে। [ইবন কাসীর; আত-তাফসীরুস সহীহ]

তাফসীরে জাকারিয়া

(১২) তিনিই তোমাদেরকে ভয় ও আকাঙ্ক্ষা স্বরূপ বিজলী দেখান[১] এবং তিনিই সৃষ্টি করেন ভারী মেঘ।[২]

[১] ফলে পথচারী মুসাফির ভয় পায় এবং বাড়িতে অবস্থানকারী কৃষক-চাষী এর বরকত ও লাভের আশাবাদী হয়।

[২] ঘন মেঘ অর্থাৎ, বর্ষণশীল মেঘ।

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=1719>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন